রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ১৭, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহণ মন্ত্রণালয়

সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা।

## বাণিজ্যিক জাহাজ চলাচল সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা আদেশ, ১৯৯০

ঢাকা, ১৪ই ফাল্গুন, ১৩৯৬/২৬শে ফেব্রুয়ারী, ১৯৯০

**নং সি এন এস/০২২/২৯৬৫—** বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ-এর ৮২(৩) ধারায় ক্ষমতাবলে সমুদ্র পরিবহণ অধিদপ্তরের মহা-পরিচালক নিম্নরূপ আদেশ প্রণয়ন করিলেন যাহা বাংলাদেশ বাণিজ্য জাহাজ চলাচল সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা আদেশ, ১৯৯০ নামে অভিহিত হইবে :

১। এই আদেশ বাংলাদেশে নিবন্ধীকৃত সকল বাণিজ্যিক জাহাজের জন্য প্রযোজ্য হইবে এবং ১৪ নং বিধির বিধানাবলী বাংলাদেশের আঞ্চলিক সমুদ্র সীমায় অবস্থানরত বিদেশী পতাকাবাহী বাণিজ্যিক জাহাজের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

২। প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে, এই আদেশে—

(ক) "সীমাবদ্ধ বাণিজ্য" অর্থ দক্ষিণ-পূর্বে সিংগাপুর এবং দক্ষিণ-পশ্চিমে কলম্বো-এর মধ্যবর্তী বংগোপসাগরের উপকূলে অবস্থিত বন্দর এবং স্থানসমূহের মধ্যে পরিচালিত সমুদ্রযাত্রা, এবং মহাপরিচালক কর্তৃক নির্ধারিতরূপে অপরাপর যে কোন স্থানে এইরূপ নিকট উপকূলীয় সমুদ্র যাত্রায় নির্দিষ্ট/নিযুক্ত থাকাকালীন সময় বুঝাইবে।

(খ) "অসীমিত" বলিতে সীমাবদ্ধ বাণিজ্যের সীমানা বহির্ভূত যে কোন সমুদ্র যাত্রা বুঝাইবে।



মূল্য : ১'২০ টাকা

এই আদেশে ব্যবহৃত কিন্তু সংজ্ঞায়িত করা হয় নাই এমন সকল শব্দ এবং বাক্য, ইন্টারন্যাশনাল কনভেনশন অন ষ্ট্যাণ্ডার্ডস অব ট্রেনিং, সার্টিফিকেশন এণ্ড ওয়াচ কিপিং ফর সী ফেয়ারারস, ১৯৭৮; বাংলাদেশ বাণিজ্যিক জাহাজ চলাচল অধ্যাদেশ, ১৯৮৩ এবং সংশোধনী অধ্যাদেশ, ১৯৮৮ এবং প্রাসংগিক বিধিমালায় অর্পিত অথবা আরোপিত অর্থ বহন করিবে।

৩। সকল বাংলাদেশী জাহাজের জন্য মহাপরিচালক কর্তৃক প্রদত্ত একটি সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট বহন করা বাধ্যতামূলক।

৪। এই বিধিমালার বিধানাবলী যথাযথভাবে পালন করা হইয়াছে কিনা তাহা পরীক্ষা করার জন্য মহা-পরিচালক এই দপ্তরের একজন সার্ভেয়ারকে যে কোন বাংলাদেশী জাহাজ পরিদর্শন করার জন্য ক্ষমতা প্রদান অথবা দায়িত্ব প্রদান করিতে পারেন। বৈধ সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট নাই অথবা এই সার্টিফিকেটের শর্তানুযায়ী সংখ্যায় নাবিক দ্বারা পরিচালিত নয় এইরূপ কোন বাংলাদেশী জাহাজকে সমুদ্র অভিমুখে যাত্রার অনুমতি দেওয়া হইবে না।

৫। কোন জাহাজ মালিক সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট উল্লেখকৃত সংখ্যার অতিরিক্ত অফিসার এবং নাবিক নিয়োগ করিতে পারিবেন, তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট জাহাজে অবশ্যই অনুমোদিত আবাসিক ব্যবস্থা এবং জীবন-রক্ষা সরঞ্জাম থাকিতে হইবে।

৬। মহাপরিচালকের লিখিত পূর্ব অনুমতি ব্যতীত, আপাততঃ বাংলাদেশের নাগরিক নয় এইরূপ কোন ব্যক্তিকে কোন বাংলাদেশী জাহাজে নাবিক অথবা অপর কোন পদে চাকুরি দেওয়া যাইবে না।

৭। তৈলবাহী ট্যাংকার, রসায়ন ট্যাংকার অথবা গ্যাস ক্যারিয়ারে মাল বোঝাই, খালাস এবং ট্রানজিটে মালামালের তত্ত্বাবধান অথবা হ্যাণ্ডলিং-এর প্রত্যক্ষ দায়িত্ব পালনে সক্ষম এই মর্মে সার্টিফিকেট যথাযথ প্রত্যয়ন না থাকিলে, কোন ব্যক্তিকে এই সকল দায়িত্ব পালনে মাষ্টার, প্রধান ইঞ্জিনিয়ার, প্রধান অফিসার, দ্বিতীয় ইঞ্জিনিয়ার অথবা অপর কোন পদে নিয়োগ করা হইবে না।

৮। পরিশিষ্ট ক অনুযায়ী কোন জাহাজে সর্বনিম্ন কত সংখ্যক ও কি মানের ডেক অফিসার নিয়োগ করিতে হইবে তাহা নির্ধারিত হইবে। পরিশিষ্ট খ অনুযায়ী ইঞ্জিনিয়ার অফিসারের ক্ষেত্রে সর্বনিম্ন সংখ্যা ও মান নির্ধারণ করা হইবে।

৯। কোন বাংলাদেশী জাহাজে, কোন পদ বা দায়িত্বে, যাহা পালনের জন্য সার্টিফিকেট অব কম্পিটেন্সী প্রয়োজন হয় এইরূপ পদ বা দায়িত্বে এমন কোন ব্যক্তিকে নিয়োগ করা হইবে না যাহার সমমানের অথবা উচ্চতর মানের সার্টিফিকেট নাই, সে সকল ক্ষেত্রে প্রয়োজনীয় তাহা অবশ্যই মহাপরিচালক কর্তৃক পুনঃ বৈধকৃত অথবা ডিসপেনসেশন প্রাপ্ত হইতে হইবে।

১০। সার্টিফিকেট অব কম্পিটেন্সীর (অধিকারী না হইলে) অথবা উহা এই প্রয়োজন হইতে অব্যাহতি প্রাপ্ত (Dispensation) না হইলে কোন ব্যক্তিকে নেভিগেশনাল ওয়াচ অথবা ইঞ্জিন রুম ওয়াচ-এর ভারপ্রাপ্ত হওয়ার জন্য অনুমতি দেওয়া হইবে না। ৭২ ঘন্টার অনধিক স্থায়ী নয় এইরূপ স্বল্পস্থায়ী সমুদ্র যাত্রায় জলযানসমূহ ২ ওয়াচ ব্যবস্থার পক্ষ গ্রহণ করিতে পারিবে।

১১। মহাপরিচালকের নিকট গ্রহণযোগ্য এমন একজন মেডিকেল অফিসার কর্তৃক শারীরিকভাবে পরীক্ষিত এবং উপযুক্ত ঘোষিত না হইয়া থাকিলে কোন ব্যক্তিকে কোন বাংলাদেশী জাহাজে নিয়োগ করা হইবে না।

১২। মহাপরিচালকের বিশেষ নির্দেশ ব্যতীত ৫৮ বৎসরের উর্দ্ধে কোন ব্যক্তিকে কোন বাংলাদেশী জাহাজে নিয়োগ করা হইবে না।

১৩। যাত্রীবাহী জাহাজ এবং অন্যান্য বিশেষ শ্রেণীর জাহাজের ক্ষেত্রে যাত্রী সংখ্যা সমুদ্রযাত্রার সময়কাল ইত্যাদি বিবেচনা করিয়া মহা-পরিচালক (এই সকল জাহাজের জন্য) সর্বনিম্ন নাবিক সংখ্যা স্থির/নির্ধারণ করিবেন।

১৪। বাংলাদেশের বন্দরে অবস্থানরত কোন বিদেশী পতাকাবাহী জাহাজে যে দেশের পতাকা ব্যবহার করা হইয়াছে তাহার নির্ধারিত সর্ব নিম্নমান পালন করা হইয়াছে কিনা পরীক্ষা করার জন্য মহাপরিচালক এই দপ্তরের একজন সার্ভেয়ারকে যে কোন বিদেশী পতাকাবাহী জাহাজ পরিদর্শনের ক্ষমতা প্রদান অথবা দায়িত্ব পালন করিতে পারিবেন। যদি এইরূপ কোন জাহাজ ইন্টারন্যাশনাল কনভেনশন অব ষ্ট্যাণ্ডার্ডস অন ট্রেনিং, সার্টিফিকেশন এণ্ড ওয়াচ কিপিং ফর সী ফেয়ারারস, ১৯৭৮ এর কোন বিধান সুস্পষ্টভাবে লংঘন করিয়াছে প্রতীয়মান হয় এবং সার্ভেয়ার এই মর্মে সন্তোষজনক বলিয়া নিশ্চিত হন যে, বিরাজমান পরিস্থিতি জীবন বিপন্ন অথবা সামুদ্রিক পরিবেশ সংরক্ষণ বিপন্ন করিতে পারে, তবে তিনি এইরূপ জাহাজ আটক করিতে পারিবেন এবং বাহিত পতাকা রাষ্ট্রের কর্তৃপক্ষ অথবা তাহাদের প্রতিনিধিকে এই মর্মে অবহিত করিবেন ও বিরাজমান স্বল্পতা দূরীভূত না হওয়া পর্যন্ত জাহাজ আটক রাখিতে পারিবেন।

১৫। ২০ জনের অধিক ব্যক্তি নিযুক্ত আছে এই ধরনের সকল বাংলাদেশী জাহাজে অন্ততঃপক্ষে একজন প্রাক্তন মেরিন একাডেমী ক্যাডেট (নটিক্যাল অথবা ইঞ্জিনিয়ারিং) নিয়োগ করিতে হইবে, তবে এই মানের ক্যাডেট পাওয়া না গেলে মহাপরিচালক এই বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবেন।

১৬। ৩০ জনের অধিক ব্যক্তি নিযুক্ত আছে এই ধরনের সকল বাংলাদেশী জাহাজে অন্ততঃপক্ষে দুইজন প্রাক্তন মেরিন একাডেমী ক্যাডেট (একজন নটিক্যাল এবং একজন ইঞ্জিনিয়ারিং) নিয়োগ করিতে হইবে, তবে এই মানের ক্যাডেট পাওয়া না গেলে মহাপরিচালক এই বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবেন।

১৭। ৩২জনের অধিক ব্যক্তি নিযুক্ত আছে এই ধরনের সকল বাংলাদেশী জাহাজে পূর্বতন সী-সার্ভিস নাই এইরূপ অন্ততঃপক্ষে দুইজন রেটিং নিয়োগ করিতে হইবে, যদি এই ধরনের রেটিং পাওয়া না যায় তাহা হইলে শিপিং মাষ্টার এই বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবেন।

১৮। পরিশিষ্ট ক এবং পরিশিষ্ট খ-তে প্রদত্ত প্রয়োজনসমূহের বাহিরে এবং যাত্রীবাহী বা বিশেষ শ্রেণীর জাহাজ ব্যতীত অন্যান্য জাহাজের জন্য প্রয়োজনীয় অপরাপর শর্তাবলীর মাত্রা নিম্নে দেওয়া হইলঃ

ক: সীমাবদ্ধ বাণিজ্যে নিয়োজিত ১৬০০ জি আর টি হইতে ক্ষুদ্রতর জলযান

(১) ডেক রেটিং .... ৩ (অন্ততঃপক্ষে একজন AB)

(২) ইঞ্জিন রেটিং .... ২ (অন্ততঃপক্ষে একজনAE)
(৩) ক্যাটারিং/সেলুন রেটিং .... ১

খ : সীমাবদ্ধ বাণিজ্যে নিয়োজিত ১৬০০ এবং তদূর্ধ কিন্তু ৫০০০ জি আর টি হইতে ক্ষুদ্রতর জলযান

(১) ডেক রেটিং .... ৫ (অন্ততঃপক্ষে ২ জন AB)
(২) ইঞ্জিন রেটিং .... ৪ (অন্ততঃপক্ষে ২ জন AE)
(৩) ক্যাটারিং/সেলুন রেটিং .... ৩ (অন্ততঃপক্ষে একজন সার্টিফাইড কুক)

গ : সীমাবদ্ধ বাণিজ্যে নিয়োজিত ৫০০০ এবং তদূর্ধ জি আর টি জাহাজ

(১) ডেক রেটিং .... ৭ (১ জন বোসান, অন্ততঃপক্ষে ২ জন AB)
(২) ইঞ্জিন রেটিং .... ৫ (অন্ততঃপক্ষে ৩ জন AE)
(৩) ক্যাটারিং/সেলুন রেটিং .... ৫ (অন্ততঃপক্ষে ১ জন সার্টিফাইড কুক)

ঘ : অবাধ বাণিজ্যে নিয়োজিত ১৬০০ জি আর টি হইতে ক্ষুদ্রতর জলযান

(১) ডেক রেটিং .... ৪ (অন্ততঃপক্ষে ১ জন AB)
(২) ইঞ্জিন রেটিং .... ৩ (অন্ততঃপক্ষে ২ জন AE)
(৩) ক্যাটারিং/সেলুন রেটিং .... ৩ (অন্ততঃপক্ষে ১ জন সার্টিফাইড কুক)

ঙ : অবাধ বাণিজ্যে নিয়োজিত ১৬০০ এবং তদূর্ধ কিন্তু ৫০০০ জি আর টি হইতে ক্ষুদ্রতর জলযান

(১) ডেক রেটিং .... ৬ (১ জন বোসান, অন্ততঃপক্ষে ২ জন AB)
(২) ইঞ্জিন রেটিং .... ৫ (অন্ততঃপক্ষে ৩ জন AE)
(৩) ক্যাটারিং/সেলুন রেটিং .... ৪ (অন্ততঃপক্ষে ১ জন সার্টিফাইড কুক)

চ : অবাধ বাণিজ্যে নিয়োজিত ৫০০০ এবং তদূর্ধ জি আর টি জাহাজ

(১) ডেক রেটিং .... ৮ (১ জন বোসান, অন্ততঃপক্ষে ২ জন AB)
(২) ইঞ্জিন রেটিং .... ৬ (অন্ততঃপক্ষে ৩ জন AE)
(৩) ক্যাটারিং/সেলুন রেটিং .... ৬ (অন্ততঃপক্ষে ১ জন সার্টিফাইড কুক)

১৭। নিম্নলিখিত পরিশিষ্টসমূহ এই অর্ডার্স অংশরূপে পরিগণিত হইবে :

পরিশিষ্ট-ক : ডেক অফিসারদের জন্য প্রয়োজনীয় ছক।

পরিশিষ্ট-খ : ইঞ্জিনিয়ার অফিসারদের জন্য প্রয়োজনীয় ছক।

পরিশিষ্ট-গ : সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট প্রদানের জন্য আবেদন পত্র।

পরিশিষ্ট-ঘ : সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট।

ক্যাপ্টেন এস এম এ ইসলাম
মহাপরিচালক
সমুদ্র পরিবহণ অধিদপ্তর।

পরিশিষ্ট-ক

## ডেক অফিসারদের জন্য প্রয়োজনীয় ছক

| ডেক অফিসার যোগ্যতা সার্টিফিকেট | জাহাজের শ্রেণী * * * | | | | |
|---|---|---|---|---|---|
| | ১৬০০ এবং তদূর্ধ জি আর টি অবাধ বাণিজ্য | ১৬০০ জি আর টি এর কম অবাধ বাণিজ্য | ৫০০০ এবং তদূর্ধ জি আর টি সীমাবদ্ধ | ১৬০০ এবং অনূর্ধ কিন্তু ৫০০০ জি আর টি হইতে কম সীমাবদ্ধ | ১৬০০ জি আর টি এর কম সীমাবদ্ধ |
| ১ম শ্রেণী | ১ | ১ | ১ | .... | .... |
| ২য় শ্রেণী* .... | .... | .... | .... | ১ | .... |
| ২য় শ্রেণী .... | ১ | ১ | ১ | .... | .... |
| ৩য় শ্রেণী* .... | .... | .... | .... | .... | ১ |
| ৩য় শ্রেণী .... | ১ | ১ | ১ | ১ | .... |
| ৪র্থ শ্রেণী .... | ১ | .... | ... | ১ | ১ |
| রেডিও অপারেটর | ১ | ১** | ১ | ১ | ১** |

*দ্বারা "পোত নিয়ন্ত্রণ অনুমতিপ্রাপ্ত" বুঝাইবে।

**১৬০০ জি আর টি হইতে ক্ষুদ্রতর জাহাজসমূহে যদি R/T সরঞ্জাম ব্যবস্থা সজ্জিত থাকে এবং যদি উক্ত জাহাজের মাষ্টার অথবা মেট একজন যোগ্যতাসম্পন্ন R/T অপারেটর হন তবে এই ধরনের জাহাজে একজন পৃথক রেডিও অপারেটর প্রয়োজন না হইতে পারে। ১-১-১৯৯২ তারিখ হইতে রেডিও অপারেটরগণকে অবশ্য একটি G. M. D. S. S. অনুমতি সার্টিফিকেটপ্রাপ্ত হইতে হইবে।

*** বাংলাদেশ জলসীমায় নিয়োজিত বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ, ১৯৮৩-এর আওতায় রেজিষ্ট্রীকৃত যে-ক্রসিং কোষ্টার জাহাজসমূহে "কোষ্টার মাষ্টার" সনদধারী একজন মাষ্টার/ডেক অফিসার নিয়োগ করিতে হইবে।

পরিশিষ্ট-খ

## ইঞ্জিনিয়ার অফিসারদের জন্য প্রয়োজনীয় ছক

| ১ম কলাম | ২য় কলাম | ৩য় কলাম | | | |
|---|---|---|---|---|---|
| | | যে-শ্রেণীর সার্টিফিকেশন প্রয়োজন | | | |
| বাণিজ্যিক এলাকা | নিবন্ধীকৃত শক্তি | চীফ ইঞ্জিনিয়ারিং অফিসার | সেকেণ্ড ইঞ্জিনিয়ারিং অফিসার | ইঞ্জিনিয়ারিং অফিসার ওয়াচ কিপিং | ইঞ্জিনিয়ারিং অফিসার ওয়াচ কিপিং |
| অবাধ সমুদ্রযাত্রা | ৩০০০ এবং তদূর্ধ | ১ | ২ | ৩ অথবা ৪ | ৪ |
| | ৭৫০ অথবা তদূর্ধ কিন্তু ৩০০০ এর কম | ২(ক) | ৩ | ৪ | .... |
| | ৩৫০ এবং তদূর্ধ কিন্তু ৭৫০ এর কম | ৩(ক) | ৪ | ৪ | .... |
| সীমাবদ্ধ সমুদ্রযাত্রা | ৬০০০ এবং তদূর্ধ | ১ | ২ | ৩ অথবা ৪ | .... |
| | ৩০০০ এবং তদূর্ধ কিন্তু ৬০০০ এর কম | ২(ক) | ৩ | ৪ | .... |
| | ৭৫০ এবং তদূর্ধ কিন্তু ৩০০০ এর কম | ৩(ক) | ৪ | ৪ | .... |
| | ৩৫০ এবং তদূর্ধ কিন্তু ৭৫০ এর কম | ৪(ক) | ৪ | ৪ | .... |
| সীমাবদ্ধ সমুদ্রযাত্রা (৭২ ঘণ্টার অধিক নয়)। | ৩০০০ এবং তদূর্ধ | ২(ক) | ৪ | ৪ | .... |
| | ৭৫০ এবং তদূর্ধ কিন্তু ৩০০০ এর কম | ৩(ক) | ৪ | .... | .... |
| | ৩৫০ এবং তদূর্ধ কিন্তু ৭৫০ এর কম | ৪(ক) | ৪ | .... | .... |

টীকা : ১। ৩য় কলামের প্রদত্ত সংখ্যা দ্বারা সার্টিফিকেশনের মান নির্দেশ করা হইয়াছে। ৩০০০ কিলোওয়াট এবং তদূর্ধ শক্তিসম্পন্ন জাহাজের ক্ষেত্রে তিন ওয়াচ পদ্ধতি (three watch system) চালু রাখিতে হইবে। যে সকল ক্ষেত্রে সম্ভব চীফ ইঞ্জিনিয়ার অফিসার, একজন ওয়াচ কিপিং অফিসার এর দায়িত্ব হইতে মুক্ত থাকিবেন।

২। (ক) দ্বারা চীফ ইঞ্জিনিয়ার এর দায়িত্ব পালনের জন্য অনুমতিপ্রাপ্ত বুঝাইবে।

৩। উপরে উল্লিখিত ৩য় কলামে বর্ণিত অফিসার সংখ্যার অতিরিক্তরূপে, ৭৫০ কিলো-ওয়াট এবং তদূর্ধ্ব নিবন্ধীকৃত শক্তিসম্পন্ন জাহাজে একজন ডিগ্রী অথবা ডিপ্লোমা-প্রাপ্ত "ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার অফিসার" বহণ করিতে হইতে পারে।

৪। **Unmanned Machinery Space (UMS)** এর অধীনে পরিচালিত জলযানের ক্ষেত্রে একজন চীফ ইঞ্জিনিয়ার এবং একজন ওয়াচ কিপিং ইঞ্জিনিয়ার বহনের অনুমতি প্রদান করা যাইতে পারে। চীফ ইঞ্জিনিয়ারকে ৩য় কলামে প্রদর্শিত নিবন্ধীকৃত শক্তি এবং বাণিজ্যিক এলাকার সহিত সংগতিপূর্ণ সার্টিফিকেট-সমূহের অধিকারী হইতে হইবে।

৫। বাংলাদেশ জলসীমায় নিয়োজিত বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ, ১৯৮৩-এর আওতায় রেজিষ্ট্রীকৃত বে-ক্রসিং কোষ্টার জাহাজসমূহে "কোষ্টাল ইঞ্জিনিয়ার" সনদধারী একজন চীফ ইঞ্জিনিয়ার অফিসার নিয়োগ করিতে হইবে।

পরিশিষ্ট–গ

## সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট প্রদানের জন্য আবেদনপত্র

| | | |
|---|---|---|
| জাহাজের নাম | : | |
| নিবন্ধীকৃত বন্দর | : | দপ্তর সংখ্যা : |
| জি, আর, টি | : | |
| জাহাজের শ্রেণী | : | যাত্রীবাহী/শুষ্ক মালবাহী/ট্যাংকার |
| যন্ত্র ব্যবস্থার শ্রেণী এবং শক্তি | : | |
| ব্রীজ হইতে নিয়ন্ত্রিত অথবা স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ ইত্যাদি। | : | |
| বাণিজ্যিক এলাকা বিস্তার | : | সীমাবদ্ধ/অবাধ |
| সনদপ্রাপ্ত আবাসন সংখ্যা | : | |
| সনদপ্রাপ্ত জীবন রক্ষাকারী সরঞ্জাম ব্যবস্থা | : | |
| মালিক/ব্যবস্থাপনা প্রতিনিধি | : | |
| প্রয়োজনীয় বিবেচ্য হইতে পারে এইরূপ অপরাপর তথ্য | : | |

.................................... ....................................

তারিখ এবং স্থান মালিক/এজেণ্ট

পরিশিষ্ট—ঘ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমুদ্র পরিবহণ অধিদপ্তর

সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা সার্টিফিকেট

জাহাজের নাম :

যে বন্দরে নিবন্ধীকৃত :

দপ্তর নং : জি আর টি

জাহাজের শ্রেণী :

বাণিজ্যিক এলাকা :

যে পর্যন্ত বৈধ :

উপরি-উক্ত জাহাজ নিম্নে প্রদত্ত মাত্রার অনুসরণে অন্ততঃপক্ষে সর্বনিম্ন সংখ্যক নাবিক দ্বারা পরিচালিত হইতে হইবে, তবে সার্টিফিকেটপ্রাপ্ত অফিসার এবং রেটিংগণের জন্য প্রযোজ্য প্রয়োজনীয়তাসমূহ উচ্চতর শ্রেণী বা মানের সার্টিফিকেট দ্বারা অথবা দপ্তর কর্তৃক প্রদত্ত একটি অব্যাহতি দ্বারা প্রতিস্থাপিত হইতে পারে।

১।
২।
৩।
৪।
৫।
৬।
৭।
৮।
৯।
১০।
১১।
১২।
১৩।

.............................. ..............................

স্থান এবং তারিখ মহা পরিচালক

অধিদপ্তরের সীলমোহর

## MERCHANT SHIPPING MINIMUM SAFE MANNING ORDERS, 1990

In exercise of power conferred by section 82 (3) of the Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (XXVI of 1983) the Director-General, Department of Shipping is pleased to make the following orders which shall be known as the Merchant Shipping Minimum Safe Manning Orders, 1990 :—

1. These Orders shall apply to all trading ships registered in Bangladesh and the provisions of Rule 14 shall also apply to foreign flag merchant ships in Bangladesh waters.

2. In these Orders, except where the context otherwise requires :—

(i) "Limited trade" means voyages between ports and places located in the Bay of Bengal between Singapore on the South-east and Colombo on the South-West ; and such near coastal voyages anywhere else as may be determined by the Director-General for the duration of such engagement.

(ii) "Unlimited trade" means voyages any of which could be beyond the limits of limited trade.

Words and expressions used but not defined in these Orders shall have the same meaning as assigned or attributed to them in the International Convention on Standards of Training, Certification and Watch-keeping for Seafarers, 1978 : Bangladesh Merchant Shipping Ordicance, 1983 and Amendment Ordinance, 1988 and relevant Rules.

3. All Bangladesh ships shall be required to carry a minimum Safe Manning Certificate issued by the Director-General.

4. The Director-General may authorise or depute a Surveyor of the Department to visit and check any Bangladesh ship for complaince of the provisions of these Rules. A Bangladesh ship which does not have a valid Minimum Safe Manning Certificate or is not manned in accordance with such certificate may not be allowed to proceed to sea.

5. The owners may employ officers and rating in excess of what is being shown in the Minimum Safe Manning Certificate so long the concerned ship has approved accommodation and life saving appliances.

6. No person who is not for the time being a citizen of Bangladesh shall be employed as seamen or in any other capacity on a Bangladesh ship without the previous permission in writing of the Director-General.

7. No person may be employed as Master, Chief Engineer, Chief Officer, Second Engineer or in any capacity with the immediate responsibility for loading, discharging and care in transit of handling of cargo on a Tanker, Chemical tanker or Gas Carrier unless his certificate is duly endorsed for such service.

8. Minin
will be determ
of Engineer C

9. No p
city for whicl
appropriate o
a Dispensatio

10. No p
Engine Room
in lieu thereof
opt for 2 w

11. No pe
tested and dec

12. No pe
except with sp

13. Minim
shall be dete
passengers, d

14. The D
ment to visit a
of minimum s
to contravene
Training, certi
is satisfied tha
marine enviror
authority or th

15. Every
at least one ex
pted by the Di

16. Every
at least two ex
unless exempte
cadets.

17. Every
employ at least
ted by the sh

8. Minimum numbers and grade of Deck Officers to be employed on ship will be determined in accordance with Appendix-A. Minimum number and grade of Engineer Officers will be determined in accordance with Appendix-B.

9. No person shall be engaged on a Bangladesh ship in a position or capacity for which a certificate of competency is required unless such person holds an appropriate or higher grade of certificate duly revalidated where so necessary or a Dispensation granted by the Director-General.

10. No person shall be permitted to be incharge of a Navigational watch or Engine Room Watch unless he holds a certificate of competency or a dispensation in lieu thereof. Vessels undertaking short voyages not exceeding 72 hours may opt for 2 watch system.

11. No person can be employed on a Bangladesh Ship unless he is medically tested and declared fit by a Medical Officer acceptable to the Director-General.

12. No person over the age of 58 can be employed on a Bangladesh flag ship except with special permission of the Director-General.

13. Minimum Safe Manning for Passenger ships and other specialised ships shall be determined by the Director-General taking into accout number of passengers, duration of voyage, etc.

14. The Director-General may authorise or depute a Surveyor of the Department to visit and check any foreign flag ship in Bangladesh ports for compliance of minimum standards set out by the flag state. If such a ship is found distinctly to contravene any provision of the International Convention on Standards of Training, certification and Watch-keeping for Seafarers, 1978 and the Surveyor is satisfied that the situation posses a risk to safety of life or protection of marine environment then he may detain such a ship and inform the flag state authority or their representative acordingly until the deficiencies are corrected.

15. Every Bangladesh ship employing more than 20 persons shall employ at least one ex-Marine Academy Cadet (Nautical or Engineering) unless exempted by the Director-General because of non-availability of such cadet.

16. Every Bangladesh ship employing more than 30 persons shall employ at least two ex-Marine Academy Cadets (one Nautical and one Engineering) unless exempted by the Director-General because of non-availability of such cadets.

17. Every Bangladesh ship employing more than 32 persons on board shall employ at least 2 Ratings with no previous sea-service experience unless exempted by the shipping Master because of non-availability of such Ratings.

18. The Scale of requirement other than those required under Appendix-A and Appendix-B for ships other than passenger or specialised ships are as follows :

**A : Vessel under 1600 GRT on Limited Trade.**

| | |
|---|---|
| (i) Deck Ratings | ..3 (at least 1 AB) |
| (ii) Engine Ratings | ..2 (at least 1 AE) |
| (iii) Catering/Saloon Ratings | ..1 |

**B : Vessel 1600 and over but under 5000 GRT on Limited Trade.**

| | |
|---|---|
| (i) Deck Ratings | ..5 (at least 2 AB) |
| (ii) Engine Ratings | ..4 (at least 2 AE) |
| (iii) Catering/Saloon Ratings | ..3 (at least 1 Cert. Cook) |

**C : Vesel of 5000 GRT over on Limited Trade.**

| | |
|---|---|
| (i) Deck Rating | ..7 (1 Bosun, at least 2 AB) |
| (ii) Engine Rating | ..5 (at least 3 AE) |
| (iii) Catering/Saloon Ratings | ..5 (at least 1 Cert. Cook) |

**D : Vessel under 1600 GRT on Unlimited Trade.**

| | |
|---|---|
| (i) Deck Ratings | ..4 (at least 1 AB) |
| (ii) Engine Rating | ..5 (at least 3 AE) |
| (iii) Catering/Saloon Ratings | ..3 (at least 1 Cert. Cook) |

**E : Vessel 1600 DRT & over but under 5000 GRT on Unlimited Trade.**

| | |
|---|---|
| (i) Deck Rating | ..6 (1 Bosun, at least 2 AB) |
| (ii) Engine Rating | ..5 (at least 3 AE) |
| (iii) Catering/Saloon Ratings | ..4 (at least 1 Cert. Cook) |

**F : Vessel of 5000 GRT & Over on Unlimited Trade.**

| | |
|---|---|
| (i) Deck Rating | ..8 (1 Bosun, at least 2 AB) |
| (ii) Engine Rating | ..6 (at least 3 AE) |
| (iii) Catering/Saloon Ratings | ..6 (at least 1 Cert. Cook) |

19. The following appendixes shall form part of these Orders :—

| | |
|---|---|
| **Appendix-A** | .. Table of requirement for Deck Officers. |
| **Appendix-B** | .. Table of requirement for Engineer Officers. |
| **Appendix-C** | .. Application for issue of Minimum Safe Manning Certificate. |
| **Appendix-D** | .. Minimum Safe Manning Certificate. |

By order of the

Capt. S. M. A. ISLAM.
*Director-General,*
*Department of Shipping.*

## APPENDIX-A

| Certificate of Competency Deck Officer | Type of Ships*** | | | | |
|---|---|---|---|---|---|
| | Unlimited 1600 & over GRT. | Unlimited Under 1600 GRT. | Limited 5000 & over GRT. | Limited 1600 & over but less than 5000 GRT. | Limited under 1600 GRT. |
| Class-1 .. | 1 | 1 | 1 | .. | .. |
| Class-2*e | .. | .. | .. | 1 | .. |
| Class-2 .. | 1 | 1 | 1 | .. | .. |
| Class-3*e .. | .. | .. | .. | .. | 1 |
| Class 3 .. | 1 | 1 | 1 | 1 | .. |
| Class 4 .. | 1 | .. | .. | 1 | 1 |
| Radio Operator | 1 | 1** | 1 | 1 | 1** |

*e means with Command Endorsement.

**A separate Radio Operator may not be needed on ships under 1600 GRT Provided the ship fitted with R/T equipment and the Master or the Mate is a qualified R/T Operator. With effect from 1-1-1992 Radio Operators must be in possession of a G.M.D.S.S. certificate of endorsement.

***A bay-crossing coaster registered under Merchant Shipping Ordinance, 1983 and employed within Bangladesh waters shall be required to have a Master/Deck Officer with "Coastal Master" certificate.

## APPENDIX-B

| Columns | Column-2 | Column-3. | | | |
|---|---|---|---|---|---|
| | | Required class of certification. | | | |
| Trading Area | Registered power (Kilowatt.) | Chief Engineer Officer. | Second Engineer Officer. | Engineer Officer Watch-keeping. | Engineer Officer Watch-keeping. |
| Unlimited Voyage. | 3000 and over | 1 | 2 | 3 or 4 | 4 |
| | 750 or more but under 3000. | 2(e) | 3 | 4 | .. |
| | 350 or more but under 750 | 3(e) | 4 | 4 | .. |
| Limited Voyage | 6000 and over | 1 | 2 | 3 or 4 | .. |
| | 3000 or more but under 6000. | 2(e) | 3 | 4 | .. |
| | 750 or more but under 3000. | 3(e) | 4 | 4 | .. |
| | 350 or more but under 750. | 4(e) | 4 | 4 | .. |
| Limited (Voyages | 3000 and over | (2)(e) | 4 | 4 | .. |
| not exceeding | 750 or more but under 3000. | 3(e) | 4 | .. | .. |
| 72 hrs). | 350 or more but under 750. | 4(e) | 4 | .. | .. |

*Note* : 1. Figures in Column 3 denotes the grade of certification. A three watch system shall be maintained for vessel of 3,000 K W or over. The Chief Engineer Officer should be non watch-keeping officer where possible.

2. (e) denotes endorsement for Chief Engineer's duty.

3. In addition to the officers specified in column 3 above, the ships of 750 KW registered power or more may be required to carry one "Electrical Engineer Officer" with a degree or a diploma.

4. Vessels under UMS (Unmanned Machinery Space) operation may be permitted to have one Chief Engineer and one Watch-keeping Engineer. The Chief Engineer will be required to have such certificate as shown in Column 3 appropriate to Registered power and trading area.

5. A bay-crossing coaster registered under Merchant Shipping Ordinance, 1983 and trading within Bangladesh teritorial waters shall be required to have a Chief Engineer Officer with Certificate of Competency "Coastal Engineer".

## APPENDIX-C

### APPLICATION FOR ISSUE OF MINIMUM SAFE MANNING CERTIFICATE

Name of Ship :

Port of Registry : Off Number

GRT :

Type of Ship : Passenger/Dry Cargo/Tanker

Type and Power of Machinery :

Whether bridge controlled or Automated, etc. :

Trading range : Limited/Unlimited

Certified Accommodation :

Certified life saving appliances :

Owners/Managing Agents :

Any other information deemed necessary :

....................

*Date and Place*

........................

*Owner/Agent.*

## APPENDIX-D

### GOVERNMENT OF THE PEOPLE 'S REPUBLIC OF BANGLADESH
### DEPARTMENT OF SHIPPING

### MINIMUM SAFE MANNING CERTIFICATE

| | | |
|---|---|---|
| Name of Ship | : | |
| Port of Registry | : | |
| Off. Number | : | GRT |
| Type of Ship | : | |
| Trading range | : | |
| Valid till | : | |

The above ship shall be manned in minimum in accordance with the scale given below except that the requirements relating to certificated officers and ratings can be substituted by certificates of higher class or grade or by a dispensation issued by the Department.

1.
2.
3.
4.
5.
6.
7.
8.
9.
10.
11.
12.
13.

| ............... | ............... | ............... |
|---|---|---|
| *Place & Date* | *Official Seal.* | *Director-General.* |

মর্তুজা আলী চৌধুরী, উপ-নিয়ন্ত্রক, গভঃ প্রিন্টিং প্রেস ঢাকা কর্তৃক পুনঃ মুদ্রিত। খোন্দকার মাহফুজার করিম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।